



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়  
বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।  
food.bishwambarpur.sunamganj.gov.bd



স্মারক নং- ১৩.০১.৯০৮৯.০০৪.৫৭.০০২.২১.২৬৮

তারিখঃ ০১/১২/২০২১খ্রি.

## ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

খাদ্যবান্ধব কর্মসূচির আওতায় সুবিধা ভোগীদের নিকট সরকার নির্ধারিত মূল্যে কার্ডের মাধ্যমে খাদ্যশস্য বিক্রয় কাজের জন্য বিশ্বম্ভরপুর উপজেলার বাদাঘাট(দঃ) ও সলুকাবাদ ইউনিয়নে নিম্নে উল্লিখিত শর্ত সাপেক্ষে বাদাঘাট(দঃ) ইউনিয়নে ০২(দুই) জন এবং সলুকাবাদ ইউনিয়নে ০১(এক) জন ডিলার নিয়োগ করা হবে। অত্রহী ব্যবসায়ী/ব্যক্তিগণকে আগামী ১৫/১২/২০২১ খ্রি.বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে অফিস চলাকালীন সময়ে ২ কপি পাসপোর্ট সাইজ রঙ্গিন ছবি, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ হতে হালনাগাদ ট্রেড লাইসেন্স, ব্যাংক কর্তৃক ইস্যুকৃত স্বচ্ছলতার সনদ, জাতীয় পরিচয়পত্র ও দোকানের মালিকানা/ভাড়া গ্রহণের স্বপক্ষে প্রয়োজনীয় দলিলের (নির্ধারিত স্থানের) সত্যায়িত ফটোকপি সহ সাদা কাগজে স্বাক্ষরিত লিখিত আবেদন নিম্ন স্বাক্ষরকারী বরাবরে দাখিলের জন্য অনুরোধ করা যাচ্ছে।

### শর্তাবলীঃ-

১। ডিলার নিয়োগের স্থানঃ-

ক্রমিক নং	ইউনিয়নের নাম	নিয়োগের স্থান
১	বাদাঘাট(দঃ)	মিয়ারচর বাজার
২	বাদাঘাট(দঃ)	বাঘমারা পয়েন্ট
৩	সলুকাবাদ	কাপনা গুচ্ছাম পয়েন্ট

২। আবেদনকারীর বয়স কমপক্ষে ১৮ বছর হতে হবে এবং বাংলাদেশের প্রকৃত নাগরিক হতে হবে।

৩। ভাড়া দাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি এবং জমির পর্চা নির্দিষ্ট স্থানের ভাড়াটিয়া চুক্তিনামার সাথে সংযুক্ত করতে হবে।

৪। আবেদনকারীর দোকানের মেঝে অবশ্যই পাকা হতে হবে ও খাদ্য সামগ্রী নিরাপদ সংরক্ষণের উপযোগী হতে হবে।

৫। দোকানে একসঙ্গে ১৫(পনের) মে:টন খাদ্য সামগ্রী সংরক্ষণের সুব্যবস্থা থাকতে হবে।

৬। আবেদনকারী আর্থিক দিক দিয়ে স্বচ্ছল ও হিসাব সংরক্ষণে সক্ষম হতে হবে।

৭। খাদ্য বিভাগ কর্তৃক-কালো তালিকাভুক্ত, বাতিলকৃত সাময়িকভাবে বরখাস্তকৃত কিংবা আদালত কর্তৃক শাস্তি প্রাপ্ত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে ডিলার নিয়োগ করা হবে না। এ ধরনের কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান নিয়োগ পেয়ে থাকলে পরবর্তীতে বিষয়টি জ্ঞাত হলে তাৎক্ষণিক এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

৮। খাদ্য বিভাগের অন্যান্য কার্যক্রমে নিয়োগ প্রাপ্ত ডিলার/সরকারি কর্মচারী কিংবা জন প্রতিনিধি ডিলার হতে পারবেন না।

৯। কোন স্থানের জন্য ডিলার হতে ইচ্ছুকতা সুস্পষ্ট ভাবে আবেদনে উল্লেখ করতে হবে। সরেজমিনে তদন্তে আবেদনে উল্লিখিত স্থানে দোকান প্রদর্শনে ব্যর্থ হলে ঐ আবেদন বাতিল বলে গণ্য হবে।

১০। খাদ্যবান্ধব কমিটি কর্তৃক নির্বাচিত ডিলারকে ২০,০০০/- (বিশ হাজার) টাকা জামানত(ফেরতযোগ্য) এবং ৩০০/- টাকার ননজুডিশিয়াল স্ট্যাম্প অঙ্গিকারনামা নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে।

প্রয়োজনীয় কাগজপত্র ছাড়া দাখিলকৃত, জাল স্বাক্ষরকৃত, অসম্পূর্ণ এবং নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদন সরাসরি বাতিলবলে গণ্য হবে। যে কোন তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। কর্তৃপক্ষ যেকোন আবেদন গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(মোঃ সাইফুল আলম সিদ্দিকী)  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক(অ:দা:)  
বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

স্মারক নং- ১৩.০১.৯০৮৯.০০৪.৫৭.০০২.২১. ২৬৮

তারিখঃ ০১/১২/২০২১খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যার্থে।

- ১। মাননীয় সংসদ সদস্য, সুনামগঞ্জ- ৪ ও সম্মানিত প্রধান উপদেষ্টা, উপজেলা খাদ্যবান্ধব কমিটি, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিশ্বম্ভরপুর ও সম্মানিত উপদেষ্টা, উপজেলা খাদ্যবান্ধব কমিটি, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।
- ৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক, সুনামগঞ্জ।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।
- ৫। চেয়ারম্যান, বাদাঘাট(দঃ)/সলুকাবাদ ইউনিয়ন পরিষদ, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ। তাঁর ইউনিয়নে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হল।
- ৬। নোটিশ বোর্ড, উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর/ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।
- ৭। অফিস কপি।



উপজেলা খাদ্য নিয়ন্ত্রক  
বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।